গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
মেরামত শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

স্মারক নম্বর: ৫৯.০০.০০০০.১৩১.৩২.০০৬.১৭-৪৭

তারিখ: ০১ আষাঢ় ১৪২৯
১৫ জুন ২০২২

**বিষয়: পাবনা নার্সিং ইনস্টিটিউট এর ২০২০-২১ অর্থবছরের মেরামত ও সংস্কার কাজ পরিদর্শন প্রতিবেদন।**

উপর্যুক্ত বিষয়ে মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, এ বিভাগ হতে বরাদ্দকৃত অর্থে সম্পাদিত পাবনা নার্সিং ইনস্টিটিউট, পাবনা এর ২০২০-২১ অর্থবছরের মেরামত ও সংস্কার কাজ নিম্নস্বাক্ষরকারী কর্তৃক সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রাপ্ত তথ্যের আলোকে একটি প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে।

ইহা মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সাথে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

সংযুক্তি : ৩ পাতা

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
সচিব এর দপ্তর
ডাইরী নং ... তারিখ ...
অতিঃসচিব (প্রশাসন)
অতিঃসচিব (চিকিৎসা শিক্ষা)
অতিঃসচিব (জনসংখ্যা, প:ক: ও আইন)
অতিঃসচিব (আর্থিক ব্যবস্থাপনা ও অডিট)
অতিঃসচিব (উন্নয়ন)
অতিঃসচিব (বাজেট)
যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা)
যুগ্মসচিব (পার)
যুগ্মসচিব (চিকিৎসা শিক্ষা)
যুগ্মসচিব (পরিকল্পনা)
একান্ত সচিব
সচিব

মোহাম্মদ মফিজুল ইসলাম
উপসচিব
ফোন: ০২৯৫৪৫৭৩২
E-mail:construction@mefwd.gov.bd

সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।

অনুলিপি:

১। অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা।
২। যুগ্মসচিব ( প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা।
৩। যুগ্মসচিব (নির্মাণ ও মেরামত) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা।
৪। হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা।
৫। অফিস কপি।

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর দপ্তরে
ডাইরী নং ... তাং ...
যুগ্মসচিব (ক্রয় ও সংগ্রহ)
যুগ্মসচিব (নির্মাণ ও মেরামত)
যুগ্মসচিব (পরিকল্পনা)
উপসচিব/সি.সহ. সচিব/সহ. সচিব (নির্মাণ ও মেরামত)
উপসচিব/সি.সহ সচিব (ক্রয় ও সংগ্রহ-১)
উপসচিব/সি.সহ সচিব (ক্রয় ও সংগ্রহ-২)
উপসচিব/সি.সহ সচিব (পরিকল্পনা-১, ২, ৩)
ব্যক্তিগত কর্মকর্তা
অতিরিক্ত সচিব (উন্নয়ন)

স্বাস্থ্য শিক্ষা ও পঃ কঃ বিভাগ
যুগ্মসচিব( নির্মাণ ও মেরামত) এর দপ্তর
ডাইরী নং ... তারিখ ...
যুগ্মসচিব ...
উপসচিব ...
সিঃ সঃ সঃ/সহঃ সচিব ...
অন্যান্য ...
ব্যক্তিগত কর্মকর্তা ...
যুগ্মসচিব( নির্মাণ ও মেরামত)

২৫

# নার্সিং ইনস্টিটিউট, পাবনা এর ২০২০-২১ অর্থবছরের মেরামত ও সংস্কার কাজ পরিদর্শন প্রতিবেদন।

পরিদর্শনকারী কর্মকর্তার নাম: মোহাম্মদ মফিজুল ইসলাম

পদবী: উপসচিব

পরিদর্শনের তারিখ: ২১/০৫/২০২২ খ্রি.

## পরিদর্শন প্রতিবেদন

আমি নিম্নস্বাক্ষরকারী গত ২১/০৫/২০২২ খ্রি.তারিখ বিকাল ৩:৩০ ঘটিকা হতে বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত নার্সিং ইনস্টিটিউট, পাবনা এর ২০২০-২১ অর্থবছরে সম্পাদিত মেরামত ও সংস্কার কাজ পরিদর্শন করি। পরিদর্শনকালে উক্ত কলেজের ইন্সট্রাক্টর ইনচার্জ, মাহবুবা খাতুন, ও গণপূর্ত বিভাগের উপবিভাগীয় প্রকৌশলী , উপ-সহকারি প্রকৌশলী উপস্থিত ছিলেন।

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের অনুকূলে "অন্যান্য ভবন ও স্থাপনা মেরামত ও সংরক্ষণ" খাতে অর্থ বিভাগ হতে ছাড়কৃত অর্থ হতে ২০২০-২১ অর্থবছরে নার্সিং ইনস্টিটিউট, পাবনা সদরে গণপূর্ত বিভাগ পাবনা এর মাধ্যমে বাস্তবায়িত ৬টি কাজের বিপরীতে মোট-৭৫ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয় যার বিস্তারিত তথ্য নিম্নরূপ:

| ক্রমিক | কাজের নাম | বরাদ্দকৃতঅর্থ ( লক্ষ টাকা) |
|---|---|---|
| ০১ | পাবনা নার্সিং ইনস্টিটিউট এর ১ম তলার সকল রুম ফ্লোর ও ওয়াল টাইলসকরণ | ২২.০০ |
| ০২ | পাবনা নার্সিং ইনস্টিটিউট এর ভিতর-বাহির রংকরণ কাজ | ১২.০০ |
| ০৩ | পাবনা নার্সিং ইনস্টিটিউট এর আই জানালা মেরমত ও গ্রীল স্থাপনকরণ | ১৫.০০ |
| ০৪ | পাবনা নার্সিং ইনস্টিটিউট এর সিভিল মেরামত কাজ | ১০.০০ |
| ০৫ | পাবনা নার্সিং ইনস্টিটিউট এর স্যানেটারী মেরামত কাজ | ৮.০০ |
| ০৬ | পাবনা নার্সিং ইনস্টিটিউট, ঠাকুরগাঁও এর বৈদ্যুতিক মেরামত কাজ | ৮.০০ |
| | মোট | ৭৫ |

উপরের ছকে উল্লেখিত ০৬টি কাজ সরেজমিনে পরিদর্শন ও পরিমাপ করা হয় । উক্ত পরিমাপের ভিত্তিতে পরিদর্শন প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে।

ক) মোট প্রাক্কলিত অর্থের পরিমাণ : ৭৫ লক্ষ টাকা

খ) বাস্তবায়নকারী দপ্তর : গণপূর্ত বিভাগ. পাবনা

গ) স্থানীয় সংস্থার নাম :

১) নির্বাহী প্রকৌশলী , গণপূর্ত বিভাগ, পাবনা

২) উপবিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, পাবনা

৩) উপসহকারী সহকারী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, পাবনা

| ক্রম. | কাজেরনাম | বরাদ্দকৃত অর্থ | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | পাবনা নার্সিং ইনস্টিটিউট এর ১ম তলার সকল রুম ফ্লোর ও ওয়াল | ২২.০০ লক্ষ | ১ম তলার সকল রুম ফ্লোর ও ওয়াল টাইলসকরণ এর কাজ করা হয়েছে। তবে কাজ সমাপ্তির প্রতিবেদনে প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর নেই। 'পাবনা নার্সিং ইনস্টিটিউট এর ১ম তলার সকল রুম ফ্লোর ও ওয়াল টাইলসকরণ' শীর্ষক কাজ |

| | | | |
|---|---|---|---|
| | টাইলসকরণ | | বাস্তবায়নকালে উক্ত প্রতিষ্ঠানের ইন্সট্রাক্টর ইনচার্জ হিসেবে কর্মরত ছিলেন কোহিনুর বেগম যিনি বর্তমানে নার্সিং ইনস্টিটিউট বগুড়ায় কর্মরত আছেন। বর্তমানে কর্মরত পাবনা নার্সিং ইনস্টিটিউট এর ইন্সট্রাক্টর এর জানান 'পাবনা নার্সিং ইনস্টিটিউট এর ১ম তলার সকল রুম ফ্লোর ও ওয়াল টাইলসকরণ' শীর্ষক কাজের বিপরীতে বরাদ্দকৃত অর্থে ১ম তলার পরিবর্তে ২য় তলার ছাত্রীদের সকল রুম ফ্লোর ও ওয়াল টাইলস করা হয়েছে। তবে কাজের পরিমাণ মোটামুটি ভালো। |
| ০২ | পাবনা নার্সিং ইনস্টিটিউট এর ভিতর-বাহির রংকরণ কাজ | ১২.০০ লক্ষ | পরিদর্শনকালে নীচতলার ০৩টি কক্ষ ব্যতীত বাকীসবগুলো কক্ষের রংয়ের কাজ করা হয়েছে দেখা গেল। পরবর্তীতে পাবনা নার্সিং ইনস্টিটিউট এর ইন্সট্রাক্টর এর সাথে যোগাযোগ করা হলে তিনি জানান গণপূর্ত বিভাগ নীচতলার ০৩টি কক্ষ রংয়ের কাজ বর্তমানে করে দিচ্ছে।<br><br>সার্বিক বিবেচনায় কাজের পরিমাণ মোটামুটি সন্তোষজনক। |
| ০৩ | পাবনা নার্সিং ইনস্টিটিউট এর আই জানালা মেরমত ও গ্রীল স্থাপনকরণ | ১৫.০০ লক্ষ | আই জানালা মেরমত ও গ্রীল স্থাপন করা হয়েছে। কাজের পরিমাণ মোটামুটি সন্তোষজনক। |
| ০৪ | পাবনা নার্সিং ইনস্টিটিউট এর সিভিল মেরামত কাজ | ১০.০০ লক্ষ | পাবনা নার্সিং ইনস্টিটিউট এর সিভিল মেরামত কাজ সরেজমিনে পরিদর্শনকালে বরাদ্ধকৃত অর্থের বিপরীতে সন্তোষজনক মর্মে দৃশ্যমান হয়নি। |
| ০৫ | পাবনা নার্সিং ইনস্টিটিউট এর স্যানেটারী মেরামত কাজ | ৮.০০ লক্ষ | পাবনা নার্সিং ইনস্টিটিউট এর স্যানেটারী মেরামত কাজ<br>সম্পাদিত কাজ:<br>1. Wash room এর টাইলস, Appron<br>2. Wash room এর বেসিন<br>3. Sewerage pipe fitting and fixing<br>বরাদ্ধকৃত অর্থের বিপরীতে সম্পাদিত সন্তোষজনক মর্মে দৃশ্যমান হয়নি। |
| ০৬ | পাবনা নার্সিং ইনস্টিটিউট, এর বৈদ্যুতিক মেরামত কাজ | ৮.০০ লক্ষ | **সম্পাদিত কাজ :**<br>1. এসি সংযোজন<br>2. ভিতর-বাহির লাইট সংযোজন<br>3. বাগানে সার্চ লাইট সংযোজন<br>4. ছাত্রীদের কক্ষে ফ্যান-লাইট সংযোজন<br><br>পাবনা নার্সিং ইনস্টিটিউট এর বৈদ্যুতিক মেরামত কাজ সরেজমিনে পরিদর্শনকালে বরাদ্ধকৃত অর্থের বিপরীতে সন্তোষজনক মর্মে প্রতীয়মান দৃশ্যমান হয়েছে। |

**সার্বিক মন্তব্য:** বরাদ্দকৃত অর্থের বিপরীতে প্রাক্কলন অনুযায়ী সম্পাদিত কাজের পরিমাণ মোটামুটি সন্তোষজনক। তবে পাবনা নার্সিং ইনস্টিটিউট এর সিভিল মেরামত কাজ ও স্যানেটারী মেরামত কাজ সন্তোষজনক মর্মে দৃশ্যমান হয়নি। পরিদর্শন কালে কাজ সমাপ্তির প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, উক্ত প্রতিষ্ঠানের ইন্সট্রাক্টর ইনচার্জ হিসেবে তৎকালীন কর্মরত কোহিনুর বেগম তাতে নিজে স্বাক্ষর করেন নি। স্বাক্ষর করেছেন একই প্রতিষ্ঠানের হিসাব রক্ষক মোঃ আব্দুল মতিন। হিসাব রক্ষক মোঃ আব্দুল মতিন কে জিজ্ঞাসাবাদ করা হলে তিনি তার ভুল স্বীকার করে ক্ষমা প্রার্থনা করেছেন। এ বিষয়ে কোহিনুর বেগমকে টেলিফোনে জিজ্ঞাসাবাদ করা হলে তিনি জানান, কাজ সন্তোষজনক না হওয়ায় তিনি প্রতিবেদনে স্বাক্ষর করেন নি। পরিদর্শনকালে গণপূর্ত বিভাগ, পাবনা এর প্রকৌশলী সম্পাদিত কাজের Pre-work ও Postwork survey Report প্রদর্শন করতে পারেন নি।

**সুপারিশ:**

১. কাজ বাস্তবায়নকালে তৎকালীন কর্মরত ইন্সট্রাক্টর ইনচার্জ কোহিনুর বেগম কে কাজ সমাপ্তির প্রতিবেদনে স্বাক্ষর না করার কারণ জানানোর জন্য পত্র দেয়া যেতে পারে।

২. কাজ সমাপ্তির প্রতিবেদনে প্রতিষ্ঠান প্রধান হিসেবে সংশ্লিষ্ট ইন্সট্রাক্টর ইনচার্জ কোহিনুর বেগম স্বাক্ষর করার কথা হলেও তদস্থলে দায়িত্ববান এবং ক্ষমতাবান না হয়ে একই প্রতিষ্ঠানের হিসাব রক্ষক মোঃ আব্দুল মতিন কোন এখতিয়ার বলে স্বাক্ষর করেছেন তার বিস্তারিত ব্যাখ্যাসহ জানানোর জন্য তাকে পত্র দেয়া যেতে পারে।

৩। অর্থবছর শুরুর প্রথম ০৩ মাসের মধ্যে প্রাক্কলনসহ মেরামত ও সংস্কার কাজের চাহিদাপত্র প্রেরণের জন্য এ বিভাগের আওতাধীন স্বাস্থ্য শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণকে পত্র দেয়া যেতে পারে।

৪। পূর্ববর্তী অর্থবছরের কাজের পরিমাণগত ও গুণগত মান, অনুমোদিত প্রাক্কলন ও টেকনিক্যাল স্পেসিফিকেশন অনুসরণ করে কাজ সম্পাদন, নির্ধারিত কর্মকর্তগণের স্বাক্ষরিত কাজ সমাপ্তির প্রতিবেদন যথাসময়ে প্রাপ্তি, সম্পাদিত কাজের Pre-work ও Postwork survey Report যথাসময়ে প্রাপ্তি, অর্থব্যয়ে ও দরপত্র প্রকিয়ায় পিপিএ, ২০০৬ ও পিপিআর, ২০০৮ এর বিধানসমূহ অনুসরণ, সরেজমিনে পরিদর্শন প্রতিবেদনের মতামত ইত্যাদি বিষয় বিবেচনায় এনে সম্পাদিত মেরামত ও সংস্কার কাজ বরাদ্দকৃত অর্থের তুলনায় সন্তোষজনক মর্মে প্রতীয়মান হলে পরবর্তী অর্থবছরে মেরামত ও সংস্কার কাজে বরাদ্দ প্রদান করা যেতে পারে। অন্যথায়, সংশ্লিষ্ট প্রতষ্ঠানে পরবর্তী অর্থবছরে বরাদ্দ প্রদান স্থগিত রাখা যেতে পারে।

২৫/০৬/২২

মোহাম্মদ মফিজুল ইসলাম
উপসচিব (মেরামত শাখা)
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ